**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম**
সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
www.bise-ctg.gov.bd

**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**
স্মারক নম্বর : চশিবো/বিদ্যা:/বিজ্ঞপ্তি/১৫/২০১৩/৪৭৫৪(২), তারিখ: ১৮/১১/২০২৫ খ্রি:

## বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটি/ম্যানেজিং কমিটির সভাপতির দায়িত্ব পালন সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

**সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০০০.০৭২.৪৪.০০০২.২৫.৫৯, তারিখ ১৫/১১/২০২৫খ্রি.**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানগণের বিশেষ অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য উচ্চ আদালতের রীট পিটিশিন নং ১৬৭৫৭/২০২৫ এর আলোকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক গত ০৮/০৯/২০২৫ তারিখে জারিকৃত প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী এডহক কমিটি ও নিয়মিত কমিটি গঠন সংক্রান্ত পরিপত্রটি ০৩(তিন) মাসের জন্য স্থগিত করা হয়েছে।

বিদ্যমান পরিস্থিতিতে অন্তবর্তীকালীন ব্যবস্থা হিসেবে যে সকল বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রবিধানমালা ২০২৪ এর অনুচ্ছে ৬৯ অনুযায়ী নিম্নরূপ ব্যবস্থা গ্রহণেরর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

অনুচ্ছেদ ৬৯। অর্ন্তবর্তীকালীন ব্যবস্থা-

১) এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হইবার পর নির্ধারিত সময়ে, ক্ষেত্রমত, নূতন গভর্নিং বডি, ম্যানেজিং কমিটি বা এডহক কমিটি গঠিত না হইলে, পরবর্তী এডহক কমিটি গঠিত হইবার পূর্ব পর্যন্ত, উপজেলা পর্যায়ে নির্বাহী অফিসার এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক বা তাহার প্রতিনিধি সভাপতির বর্ণিত দায়িত্ব পালন করিবেন।

২) উপ-প্রবিধান (১) এর বিধান অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত সভাপতি ৬০(ষাট) দিনের মধ্যে এডহক কমিটি গঠনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

৩) বেতন-ভাতা উত্তোলনের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে নির্বাহী অফিসার এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক বা তাহার প্রতিনিধির স্বাক্ষরে বেতনের সরকারি অংশ(এমপিও) উত্তোলন করা যাইবে।

৪) উপ-প্রবিধান (১) এর বিধান অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত সভাপতি কোনক্রমেই অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক,গ্রন্থাগারিক, সহকারী গ্রন্থাগারিক বা কোনো কর্মচারী নিয়োগ করিতে পারিবেন না, তবে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ কর্তৃক কোনো শিক্ষক নিয়োগের সুপারিশ প্রদান করা হইলে, তাহাদিগকে নিয়োগদান করিতে পারিবেন।

উল্লেখ্য, নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাস্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন প্রবিধানমালা ২০২৪ এর অনুচ্ছেদ ৬৩ অনুযায়ী সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে উল্লিখিত বিধান প্রযোজ্য হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২০/১১/২৫
**(প্রফেসর মো: আবুল কাসেম)**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম

প্রাপক:
এই বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক